

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা

অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (ইউনানী, আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথিক) চিকিৎসা পদ্ধতির সার্বিক বিষয়ে আলোচনার নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব জাহিদ মালেক, এম.পি
মাননীয় মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

তারিখ : ২২-০৮-২০১৯ খ্রিষ্টাব্দ
সময়: : দুপুর ০৩.০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক) সন্নিবেশিত আছে।

মাননীয় মন্ত্রী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বাংলাদেশের চিকিৎসা পদ্ধতিতে ইউনানী ও আয়ুর্বেদিক ঔষুধের ব্যবহার জোরদার করার জন্য ঔষধি উদ্ভিদ জন্মাতে ও ঔষধি উদ্ভিদ সম্পর্কে জনগণের সচেতনতা সৃষ্টির জন্য প্রতিটি জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রাঙ্গণে ইউনানী ও আয়ুর্বেদিক ঔষুধের বাগান প্রতিষ্ঠা করার বিষয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (ইউনানী, আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথিক) চিকিৎসা পদ্ধতির সার্বিক বিষয়ে আলোচনার আহ্বান জানান।

০২। আলোচনার শুরুতে বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ডের চেয়ারম্যান মাননীয় মন্ত্রী মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি সভায় জানান যে, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ডের অনুকূলে যে বাজেট বরাদ্দ প্রদান করা হয়, সেটা অপ্রতুল। স্বল্প বাজেটের মধ্য হতে হোমিওপ্যাথিক কলেজসমূহের শিক্ষকদের বেতন-ভাতা প্রদান করা সম্ভব হয় না। যার কারণে হোমিওপ্যাথিক মেডিকেল কলেজসমূহে দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক ধরে রাখা সম্ভব হচ্ছে না। সে কারণে তিনি হোমিওপ্যাথিক বোর্ডের বাজেট বৃদ্ধির সুপারিশ করেন। বিভাগীয় পর্যায়ে ০১টি করে সরকারিভাবে হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠা; একটি গবেষণা প্রতিষ্ঠান স্থাপন করাসহ অল্টারনেটিভ মেডিকেল কাউন্সিল করার প্রস্তাব করেন। এছাড়া, হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতি আইন প্রণয়নের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার অনুরোধ করেন।

০৩। বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিনের সদস্য কবিরাজ এ.এফ.এম. ফখরুল ইসলাম মুন্সী বাংলাদেশের চিকিৎসা পদ্ধতিতে ইউনানী ও আয়ুর্বেদিক ঔষুধের ব্যবহার জোরদার করার গৃহীত পদক্ষেপের জন্য মাননীয় মন্ত্রী মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি এ্যালোপ্যাথিক চিকিৎসা সেবার পাশাপাশি ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা সেবাকে মানুষের দোরগোড়ায় পৌঁছানোর জন্য দেশের হাসপাতালগুলোতে ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসক নিয়োগ প্রদানের কথা বলেন। তিনি ইউনানী ও আয়ুর্বেদিক শিক্ষার জন্য বোর্ডের অনুকূলে বাজেট বৃদ্ধির সুপারিশ করেন যাতে শিক্ষক ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা প্রদান করা যায়। এছাড়া, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি আইন প্রণয়ন কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার অনুরোধ করেন।

০৪। এ প্রসঙ্গে স্বাস্থ্য অধিদপ্তরের লাইন ডিরেক্টর (অল্টারনেটিভ মেডিকেল কেয়ার) সভায় জানান যে, ১৯৯৯ সালে Health Professions Scholarship Program (HPSP) এর অধীনে জেলা হাসপাতালগুলিতে ৩০ জন ইউনানী ও আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার নিযুক্ত করা হয়। ইউনানী ও আয়ুর্বেদিক ঔষুধের চিকিৎসকদের সহায়তার জন্য ৬০ জন সহকারী এবং ৪৬৭ টি গার্ডেনার নিয়োগ করা হয়েছে। এছাড়া, ইউনানী ও আয়ুর্বেদিক ঔষুধের ব্যবহার সম্প্রসারণের জন্য বাংলাদেশ সরকার ২০১৪ সালে Health, Population and Nutrition Sector Development Program (HPNSDP) এর আওতায় বিভিন্ন ইউনানী ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতালে ইউনানী ও আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার, আইএমও, আরএমও, লেকচারার এবং সহকারী অধ্যাপক নিযুক্ত করা হয়েছে।

পরবর্তী পৃষ্ঠায় দৃষ্টব্য

পূর্বপৃষ্ঠা হতে

০৫। বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি আইন প্রণয়নের বিষয়ে স্বাধীনতা দেশজ চিকিৎসক পরিষদ ও বাংলাদেশ ইউনানী-আয়ুর্বেদিক মেডিকেল অফিসার্স এসোসিয়েশনের প্রতিনিধিগণও গুরুত্বারোপ করেন। তাদের পক্ষ থেকে আইনের খসড়া প্রণয়নসহ এই সেক্টরের সার্বিক উন্নয়নে সুপারিশ প্রণয়নের জন্যে কমিটি গঠনের প্রস্তাব করা হয়। এছাড়া, ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা ক্ষেত্রে উচ্চশিক্ষা হিসেবে MD কোর্স চালু করা; গবেষণা প্রতিষ্ঠান স্থাপন এবং Central Council of Indian Medicine এর অনুরূপ একটি কাউন্সিল গঠনের আইন প্রণয়ন করার সুপারিশ করা হয়।

০৬। সভায় সচিব মহোদয় বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতি আইন এবং বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি আইন এর বর্তমান অবস্থা জানতে চান। উক্ত ০২টি আইনের বর্তমান অগ্রগতি বিষয়ে অতিরিক্ত সচিব (চিপি) মহোদয় সভায় জানান, উক্ত ০২টি আইনের মধ্যে বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি আইন নীতি ও কার্যক্রম শাখা হতে এবং হোমিওপ্যাথিক বোর্ড আইন এ মন্ত্রণালয়ের আইন অধিশাখা হতে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এ প্রসঙ্গে বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিনের সদস্য কবিরাজ এ.এফ.এম. ফখরুল ইসলাম মুন্সী একটি কমিটি গঠনের প্রস্তাব করেন।

০৭। সভায় উপস্থিত সকল সদস্যগণের গুরুত্বপূর্ণ আলোচনা ও মতামতের প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

(ক) বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি আইনের খসড়া চূড়ান্তকরণের নিমিত্ত কমিটি গঠনের লক্ষ্যে বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিনের প্রতিনিধি ০২ জন, ইউনানী ও আয়ুর্বেদিক শিল্প প্রতিনিধি-০২ জন, ইউনানী ও আয়ুর্বেদিক গ্রাজুয়েট চিকিৎসক প্রতিনিধি ০২ জনসহ মোট ০৬ জন প্রতিনিধির নাম পাওয়া গেলে কমিটি গঠনের আদেশ জারী করা হবে।

(খ) বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি আইন এবং হোমিওপ্যাথিক বোর্ড আইন দ্রুততার সাথে করার জন্য নীতি ও কার্যক্রম শাখা এবং আইন অধিশাখাকে নির্দেশনা প্রদান করতে হবে।

০৬। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)

তারিখঃ-২২-০৮-২০১৯খ্রিঃ

(জাহিদ মালেক)

মন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৪৮.৪৩.২০১৯/ ৫৪৭

তারিখঃ-২৪-০৯-২০১৯খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন, ফার্মগেট, ঢাকা-১২১৫।
- ২। কবিরাজ এ.এফ.এম. ফখরুল ইসলাম মুন্সী, সদস্য, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন, ফার্মগেট, ঢাকা।
- ৩। যুগ্ম সচিব (আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, বাড়ী নং-১৬, রোড নং-১/এ, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ৫। উপসচিব (নীতি ও কার্যক্রম), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। পরিচালক (হোমিও ও দেশজ চিকিৎসা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। লাইন ডিরেক্টর, (হোমিও ও দেশজ চিকিৎসা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। হাকীম আলহাজ্জ ড. মোঃ ইউছুফ হারুন ভূইয়া, সদস্য, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন, ফার্মগেট, ঢাকা।
- ৯। হাকীম আ.খ. মাহবুবুর রহমান, সদস্য, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন, ঢাকা।
- ১০। অধ্যক্ষ, সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, মিরপুর-১৪, ঢাকা।
- ১১। অধ্যক্ষ, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, মিরপুর-১৩, ঢাকা।


পরবর্তী পৃষ্ঠায় দৃষ্টব্য

পূর্বপাঠ্য হতে

- ১২। রেজিস্ট্রার-কাম-সেক্রেটারী, বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, বাড়ী নং-১৬, রোড নং-১/এ, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ১৩। রেজিস্ট্রার, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন, ফার্মগেট, ঢাকা-১২১৫।
- ১৪। ডাঃ এস এম ইফতেখার উদ্দিন, সদস্য, বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, খিলক্ষেত, ঢাকা।
- ১৫। ডাঃ আশীষ শংকর নিয়োগী, সদস্য, বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, বাড়ী-১৬, রোড-১/এ, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ১৬। ডাঃ কাইম উদ্দীন, সদস্য, বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, বাড়ী নং-১৬, রোড নং-১/এ, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ১৭। ডাঃ মোঃ মিজানুর রহমান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আয়ুর্বেদিক মেডিসিন ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন।
- ১৮। শিবব্রত রায়, সভাপতি বাংলাদেশ আয়ুর্বেদিক মেডিসিন ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন।
- ১৯। সভাপতি/মহাসচিব, স্বাধীনতা দেশজ চিকিৎসক পরিষদ, মিরপুর-১৩, ঢাকা।
- ২০। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ ইউনানী-আয়ুর্বেদিক মেডিকেল অফিসার্স এসোসিয়েশন, মিরপুর-১৩, ঢাকা।
- ২১। সভাপতি, বাংলাদেশ দেশীয় চিকিৎসক সমিতি, ৪০/২-বি, নয়া পল্টন, ঢাকা-১০০০।
- ২২। সাধারণ সম্পাদক, বাংলাদেশ দেশীয় চিকিৎসক সমিতি, ৪০/২-বি, নয়া পল্টন, ঢাকা-১০০০।
- ২৩। কবিরাজ মোস্তফা নওশাদ জাকী, সদস্য, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন, ফার্মগেট, ঢাকা।
- ২৪। ড. সাঈদ আহমেদ সিদ্দিকী, সভাপতি, বাংলাদেশ ইউনানী ঔষধ শিল্প সমিতি, ১৬৮, এ্যালিফ্যান্ট রোড, আটলান্টিক ওয়াজ উদ্দিন টাওয়ার (৪র্থ তলা), হাতিরপুল, ঢাকা-১২০৫।
- ২৫। মোহাম্মদ ফারুক হোসেন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইউনানী ঔষধ শিল্প সমিতি, ১৬৮, এ্যালিফ্যান্ট রোড, আটলান্টিক ওয়াজ উদ্দিন টাওয়ার (৪র্থ তলা), হাতিরপুল, ঢাকা-১২০৫।
- ২৬। ডাঃ এস এম নূরুল হক, সভাপতি, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিসিন ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, ৩২, নয়াপল্টন, ঢাকা।
- ২৭। ডাঃ মাহাবুব হাফিজ, সহ- সভাপতি, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিসিন ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, ৩২, নয়াপল্টন, ঢাকা।
- ২৮। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ আয়ুর্বেদিক মেডিকেল এসোসিয়েশন, ৭ জুরাইন রেলগেট, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। যুগ্ম সচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(বদরুন নাহার)
উপসচিব

ফোন-৯৫৪০৬৯০

me2@mefwd.gov.bd